তিনি (আমার মা) বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের গোপন তথ্য কখনো কাউকে বলবে না। আনাস রাদিয়াল্লাহু ‘আনহু বললেন, আল্লাহর কসম, হে সাবিত! যদি তা কাউকে বলতাম, তাহলে অবশ্যই তোমাকে বলতাম।

সাবিত রহ. আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণনা করেন। তিনি (আনাস) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম আমার কাছে আসলেন। আমি তখন বালকদের
সাথে খেলছিলাম। তিনি আমাদের সালাম দিলেন। তারপর তিনি আমাকে একটি প্রয়োজনে
পাঠালেন। আমি আমার মায়ের কাছে ফিরতে বিলম্ব করলাম। আমি যখন আমার মায়ের কাছে গেলাম
তখন তিনি আমাকে জিজ্ঞাসা করলেন, তোমাকে কিসে আটকিয়ে ছিলো? (কেন বিলম্ব করলে?) আমি বললাম,রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম আমাকে একটি প্রয়োজনে পাঠিয়েছিলেন। তিনি বললেন, তাঁর প্রয়োজনটি কী ছিলো? আমি বললাম, তা গোপনীয়। তিনি বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের গোপন তথ্য কখনো কাউকে
বলবে না। আনাস রাদিয়াল্লাহু ‘আনহু বললেন, আল্লাহর কসম, হে সাবিত! সেই গোপন তথ্য কারও কাছে ব্যক্ত করলে তা তোমাকে অবশ্যই জানাতাম। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

সাবিত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের খাদিম আনাস থেকে বর্ণনা করেন যে, তিনি (আনাস) তখন বালকদের সাথে খেলছিলেন, এমতাবস্থায় নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তার কাছ দিয়ে গেলেন।তখন আনাস ছোট বালক ছিলেন। তিনি বাচ্চাদেরকে সালাম দিলেন, তারা তখন খেলছিলো। তারপর তিনি আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহুকে ডাকলেন এবং তাকে একটি প্রয়োজনে পাঠালেন। ফলে তার মায়ের কাছে ফিরতে বিলম্ব হলো। তিনি যখন তার মায়ের কাছে গেলেন তখন তিনি তাকে জিজ্ঞেস করলেন, তোমাকে কিসে বিলম্ব করিয়েছে? তিনি বললেন, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম আমাকে একটি প্রয়োজনে পাঠিয়েছিলেন। তিনি বললেন, তাঁর প্রয়োজনটি কী ছিলো? তিনি বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের গোপন তথ্য আপনাকে বলবো না। অর্থাৎ কাউকেই এ গোপন তথ্য বলবো না। তিনি (আনাস রাদিয়াল্লাহু ‘আনহুর মা) বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের গোপন তথ্য কখনো কাউকে বলবে না। অতঃপর আনাস রাদিয়াল্লাহু ‘আনহুর সার্বক্ষণিক সাহচর্যে থাকা তার ছাত্র সাবিত আল-বুনানীকে বললেন, আল্লাহর কসম, আমি যদি সেই গোপন তথ্য কারও কাছে ব্যক্ত করতাম তাহলে তোমার কাছেই ব্যক্ত করতাম।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3502